



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর  
ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

নম্বর : ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১৭.০০১.১৮-২৯

তারিখ : ০২.১০.২০১৮

বিজ্ঞপ্তি

বিষয় : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর “সার্কেল এ্যাডজুট্যান্ট/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/সহকারী এ্যাডজুট্যান্ট” এর ১৭ টি পদে প্যানেল থেকে প্রার্থী মনোনয়ন

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর “সার্কেল এ্যাডজুট্যান্ট/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/সহকারী এ্যাডজুট্যান্ট” এর ১৭ টি পদে প্যানেল থেকে নিয়োগের জন্য নিম্নোক্ত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীদের কমিশন কর্তৃক সাময়িকভাবে (provisionally) সুপারিশ করা হয়েছে :

রেজিস্ট্রেশন নম্বর : 020081, 701914, 024720, 402152, 022778, 301980, 003210, 006933, 300208, 703723, 003927, 009300, 016838, 300036, 016421, 031878, 022783 = ১৭ জন।

২. প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি, বিজ্ঞাপনের শর্ত এবং আবেদনপত্রে প্রার্থী কর্তৃক প্রদত্ত অঙ্গীকারনামার ভিত্তিতে কর্ম কমিশন প্রার্থীদের এই শর্তে সাময়িকভাবে সুপারিশ করেছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রার্থীর সনদ, ডকুমেন্টস ও কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

৩. সরকারী কর্ম কমিশন কর্তৃক সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের মধ্যে পরবর্তীকালে কোনো সময়ে কোনো যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যেকোনো গুরুতর (substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সাময়িক সুপারিশ বাতিল বলে গণ্য হবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ পেলে বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যেকোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪. স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাইয়ের পর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় সুপারিশকৃত প্রার্থীদের নিয়োগ প্রদান করবে।

৫. প্রকাশিত ফলাফলে কোনো ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা কর্ম কমিশন সংরক্ষণ করে। সুপারিশকৃত প্রার্থীদের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৬. ফলাফল কমিশনের ওয়েবসাইট [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd)-এ পাওয়া যাবে।

[আ. ই. ম. নেছার উদ্দিন]  
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]

বিতরণঃ

১. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা। (বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইটে প্রকাশের জন্য তাঁকে অনুরোধ করা হলো।)
২. পরিচালক (ইউনিট-৬), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় চেয়ারম্যান এর একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৫. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা। (তাঁকে বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকায় এবং প্রিন্ট মিডিয়ায় প্রকাশের ব্যবস্থা করতে অনুরোধ করা হলো।)
৬. বিজ্ঞ সদস্য- ১ ও ২ এর ব্যক্তিগত কর্মকর্তা (বিজ্ঞ সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৭. পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার/নন-ক্যাডার) এর ব্যক্তিগত কর্মকর্তা (পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৮. নোটিশ বোর্ড, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৯. সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।